সংবাদ

05 JUN 2007

## শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদের সংবাদ সম্মেলন

# জামালপুরে স্বীকৃতি পাওয়া শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত না হওয়ায় ক্ষোভ

জেলা বার্তা পরিবেশক, জামালপুর

প্রতিশ্রুতি দেয়া সত্ত্বেও বিগত সরকার দেশের স্বীকৃতি পাওয়া শিক্ষা প্রতিষ্ঠানগুলো এমপিওভুক্ত না করায় ক্ষোভ প্রকাশ করেছে জামালপুরের শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদ। গতকাল সোমবার জামালপুরে এক সংবাদ সম্মেলনে তারা অভিযোগ করে বলেন, বিগত জোট সরকারের শেষ সময় তৎকালীন প্রধানমন্ত্রী ও শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত দু'জন মন্ত্রী এবং তাদের দলীয় ব্যক্তিদের শুধু ৮টি শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করেন। এ ঘটনাকে নিছক প্রতারণা অভিহিত করে ঐক্য পরিষদের নেতৃবৃন্দ বর্তমান তত্ত্বাবধায়ক সরকারের কাছে দেশের ৮ হাজার শিক্ষা প্রতিষ্ঠানকে অবিলম্বে এমপিওভুক্ত করার দাবি জানান।

নেতারা জানান, জামালপুর জেলায় স্বীকৃতি পাওয়া ৭৮টি শিক্ষা প্রতিষ্ঠানে প্রায় সাড়ে ৯শ' জন শিক্ষক-কর্মচারী নিয়োজিত রয়েছেন। ওই ৭৮টি শিক্ষা প্রতিষ্ঠানে প্রায় ২২ হাজার ছাত্রছাত্রী শিক্ষা গ্রহণ করছে। বিগত ৮/১০ বছর ধরে শিক্ষক-কর্মচারীরা পাঠদানে নিয়োজিত থেকে এখন পর্যন্ত সরকারি বেতন-ভাতা পাচ্ছেন না। এ কারণে তাদের অনেকেই মানবেতর জীবন-যাপন করছেন।

শিক্ষকদের আন্দোলন কর্মসূচির মুখে বিগত জোট সরকার পর্যায়ক্রমে দেশের সব স্বীকৃতি পাওয়া শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করার প্রতিশ্রুতি দিয়েছিলেন। এসব শিক্ষা প্রতিষ্ঠান সরকারি শিক্ষা বোর্ড থেকে একাডেমিক স্বীকৃতি পাওয়া। ঘুষ-দুর্নীতি-তদবির এবং দলীয় লেজুড়বৃত্তির রাজনীতিতে যেসব শিক্ষক সম্পৃক্ত ছিলেন এমন কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা হয়। সরকারের শেষ সময়ে ওই ৮টি শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করায় স্বীকৃতি পাওয়া অন্য শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের মধ্যে ক্ষোভ দানা বেঁধে ওঠে। সংবাদ সম্মেলনে জামালপুরের স্বীকৃতি পাওয়া ৭৮টি প্রতিষ্ঠানটিসহ দেশের সব স্বীকৃতি পাওয়া শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করার দাবি জানানো হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন জামালপুর শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদের আহ্বায়ক এবং সদর উপজেলার নরুন্দি জিন্নতন আফছর মহিলা কলেজের অধ্যক্ষ মো. লুৎফর রহমান।